# বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭

(Provisional)

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

Bangladesh Petroleum Corporation

# সূচীপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| পরিচালক পর্ষদ পরিচিতি | ৩-৪ |
| চেয়ারম্যানের বক্তব্য/উপক্রমণিকা | ৫ |
| বিপিসি'র সাংগঠনিক কাঠামো | ৬ |
| পরিচালক পর্ষদের প্রতিবেদন | ৭-১১ |
| দেশের তেল আমদানি ব্যয় | ১২ |
| রাষ্ট্রীয় কোষাগারে অর্থ প্রদান | ১২ |
| বাণিজ্যিক কার্যক্রম | ১৩-১৫ |
| বিপণন কার্যক্রম | ১৬-১৭ |
| জ্বালানি তেলের ডিপোসমূহের অবস্থান | ১৮ |
| অভ্যন্তরীণ ডিপোসমূহে জ্বালানি তেলের প্রবাহচিত্র | ১৯ |
| উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম | ২০ |
| আর্থিক কার্যক্রম | ২১ |
| বিপিসি'র নিরীক্ষিত স্থিতিপত্র ও লাভ-ক্ষতির প্রতিবেদন | ২২-২৫ |
| চিত্রে বিপিসি'র কর্মকান্ড | ২৬-২৭ |
| ইস্টার্ণ রিফাইনারি লিঃ এর সংক্ষিপ্ত ইতিবৃত্ত | ২৮ |
| ইস্টার্ণ রিফাইনারি লিঃ এর স্থিতিপত্র ও লাভ-ক্ষতির প্রতিবেদন | ২৯-৩০ |
| যমুনা অয়েল কোম্পানি লিমিটেড এর সংক্ষিপ্ত ইতিবৃত্ত | ৩১ |
| যমুনা অয়েল কোম্পানি লিমিটেড এর স্থিতিপত্র ও লাভ-ক্ষতির প্রতিবেদন | ৩২-৩৫ |
| এল পি গ্যাস লিঃ এর সংক্ষিপ্ত ইতিবৃত্ত | ৩৬ |
| এল পি গ্যাস লিঃ এর স্থিতিপত্র ও লাভ-ক্ষতির প্রতিবেদন | ৩৭-৩৮ |
| পদ্মা অয়েল কোম্পানি লিঃ এর সংক্ষিপ্ত ইতিবৃত্ত | ৩৯ |
| পদ্মা অয়েল কোম্পানি লিঃ এর স্থিতিপত্র ও লাভ-ক্ষতির প্রতিবেদন | ৪০-৪১ |
| ইস্টার্ণ লুব্রিক্যান্টস্ ব্লেন্ডার্স লিঃ এর সংক্ষিপ্ত ইতিবৃত্ত | ৪২ |
| ইস্টার্ণ লুব্রিক্যান্টস্ ব্লেন্ডার্স লিঃ এর স্থিতিপত্র ও লাভ-ক্ষতির প্রতিবেদন | ৪৩-৪৪ |
| মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর সংক্ষিপ্ত ইতিবৃত্ত | ৪৫ |
| মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর স্থিতিপত্র ও লাভ-ক্ষতির প্রতিবেদন | ৪৬-৪৭ |
| স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিঃ সংক্ষিপ্ত ইতিবৃত্ত | ৪৮ |
| স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিঃ এর স্থিতিপত্র ও লাভ-ক্ষতির প্রতিবেদন | ৪৯-৫০ |

# বিপিসি'র পরিচালকমন্ডলী
## ২০১৫-২০১৬

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ মাহমুদ রেজা খান<br>চেয়ারম্যান, বিপিসি। | - | চেয়ারম্যান |
| ২। | জনাব মোছলেহ উদ্দিন<br>পরিচালক (অপা: ও পরি:), বিপিসি। | | পরিচালক |
| ৩। | জনাব এ আর এম নজমুস ছাকিব<br>অতিরিক্ত সচিব<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | - | পরিচালক |
| ৪। | জনাব শংকর প্রসাদ দেব<br>পরিচালক (অর্থ), বিপিসি। | | পরিচালক |
| ৫। | জনাব মীর আলী রেজা<br>পরিচালক (বিপণন), বিপিসি। | - | পরিচালক |
| ৬। | জনাব প্রণব কুমার ঘোষ<br>যুগ্ম সচিব (অপারেশন্স)<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | - | পরিচালক |

সচিব
জনাব মোঃ নুরুল আমিন

# বিপিসি'র পরিচালকমন্ডলী
## ২০১৬-২০১৭

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম<br>চেয়ারম্যান, বিপিসি। | - | চেয়ারম্যান |
| ২। | জনাব এ আর এম নজমুস ছাকিব<br>অতিরিক্ত সচিব<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | - | পরিচালক |
| ৩। | সৈয়দ মোহাম্মদ মোজাম্মেল হক<br>পরিচালক (অপা: ও পরি:), বিপিসি। | - | পরিচালক |
| ৪। | জনাব শংকর প্রসাদ দেব<br>পরিচালক (অর্থ), বিপিসি। | - | পরিচালক |
| ৫। | জনাব মীর আলী রেজা<br>পরিচালক (বিপণন), বিপিসি। | - | পরিচালক |
| ৬। | বেগম পারভীন আক্তার<br>অতিরিক্ত সচিব(পরিকল্পনা),<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | - | পরিচালক |

সচিব
জনাব কাজী মোহাম্মদ হাসান

# উপক্রমণিকা

১৯৭৬ সালের ১৩ নভেম্বর বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত অধ্যাদেশ নং ৮৮ (Ordinance No LXXXVIII of 1976) অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) প্রতিষ্ঠিত হয়। ১ জানুয়ারি ১৯৭৭ তারিখ থেকে বিপিসি'র কার্যক্রম শুরু হয়। সে হিসেবে প্রতিষ্ঠানটি ৪০ বছর অতিক্রম করে ৪১ বছরে পদার্পন করেছে। বিপিসি'র ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি আনন্দিত। এ প্রতিবেদনে ৩০ জুন, ২০১৭ তারিখে সমাপ্ত অর্থ বছরে সংস্থা এবং এর অংগ প্রতিষ্ঠানসমূহের আর্থিক ফলাফল ও বিবরণী সন্নিবেশ করা হয়েছে।

সংস্থার ২০১৬-১৭ অর্থ বছরের কর্মকান্ড মূল্যায়ন করতে গিয়ে প্রথমেই প্রত্যক্ষ করা যায় যে, বিগত বছরসমূহের তুলনায় এ বছর জ্বালানি তেলের চাহিদা বৃদ্ধি পেয়েছে। ২০১৫-১৬ অর্থ বছরে অশোধিত ও পরিশোধিত জ্বালানি তেলের গড় আমদানি ব্যয় হয়েছিল যথাক্রমে মার্কিন ডলার ৩৩৬.১৪৯ ও ১,৪৯৪.১৭৪ মিলিয়ন। পক্ষান্তরে ২০১৬-১৭ অর্থ বছরে অশোধিত ও পরিশোধিত জ্বালানি তেলের মোট আমদানি মূল্য ছিল যথাক্রমে মার্কিন ডলার ৫১৮.৫৩ ও ১,৯৫৭.৪৩ মিলিয়ন। বিশ্ব বাজারে জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি এবং আমদানির পরিমাণ বেশী হওয়ার কারণে জ্বালানি তেল আমদানি ব্যয় ২০১৫-১৬ অর্থ বছরে ১৪,৯৯৬.৭৫ কোটি টাকার তুলনায় ২০১৬-১৭ অর্থ বছরে ৩২.০৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৯,৮০৬.৯২ কোটি টাকা হয়েছে।

২০১৬-১৭ অর্থ বছরে বিপিসি ৩২,৭৫৮.৬৬ কোটি টাকা মূল্যের পেট্রোলিয়াম পণ্য বিক্রি করেছে এবং বিভিন্ন শুল্ক, কর ও ভ্যাট ইত্যাদি খাতে ৮,৩৮৬.২৬ কোটি টাকা সরকারী কোষাগারে প্রদান করেছে। নানা প্রতিকূলতা সত্ত্বেও যথাসময়ে আমদানিকৃত পেট্রোলিয়াম পণ্যের মূল্য পরিশোধে বিপিসি কখনো ব্যর্থ হয়নি।

২০১৬-১৭ অর্থ বছরে মোট জ্বালানি পণ্যের বিক্রয়ের পরিমাণ ছিল ৫৮,৮৮,৭৩০ মে.টন কিন্তু ২০১৫-১৬ অর্থ বছরে মোট জ্বালানি পণ্যের বিক্রয়ের পরিমাণ ছিল ৫২,৫৬,০২০ মে.টন। অর্থাৎ ২০১৬-১৭ অর্থ বছরে বিক্রয় প্রায় ৬,৩২,৭১০ মে.টন অথবা ১০.৭৪% বৃদ্ধি পেয়েছে।

জানুয়ারি, ১৯৭৭ সালে বিপিসি আনুষ্ঠানিক কার্যক্রম শুরুর পর জুন, ২০১৭ পর্যন্ত প্রায় ৯৬৭ কোটি টাকা ব্যয়ে ৪৫টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে ১২৭ কোটি টাকায় ১৪টি প্রকল্প বাস্তবায়নাধীন ছিল।

২০১৬-১৭ অর্থ বছরে পেট্রোলিয়াম সেক্টরে যে সাফল্য অর্জিত হয়েছে তা বিপিসি ও অংগ প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারী ও পেট্রোলিয়াম পণ্যের ব্যবসার সাথে জড়িত ব্যক্তি ও প্রতিষ্ঠানের আন্তরিক সহযোগিতা ও নিরলস কর্মকান্ডের ফলশ্রুতি। আন্তরিক ও প্রত্যয়ী ভূমিকার জন্য আমি তাদের প্রত্যেককে অভিনন্দন জানাই।

পরিশেষে, আমি বিপিসি'র পরিচালক পর্ষদের সকল সদস্য, প্রশাসনিক মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সকল সরকারী, স্বায়ত্তশাসিত ও বেসরকারী প্রতিষ্ঠানসমূহকে আমাদের সকল কর্মকান্ডে তাদের সমর্থন ও সহযোগিতার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। আমি আশা করছি যে, আগামী বছরগুলোতেও অত্র সংস্থা অনুরূপ সাফল্য অর্জনে সক্ষম হবে।

সর্বশক্তিমান আল্লাহ্ আমাদের সহায় হোন।

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
চেয়ারম্যান

# বিপিসি'র সাংগঠনিক কাঠামো



# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

## পরিচালন কার্যক্রম

২০১৬-২০১৭ অর্থ বছরে ইস্টার্ণ রিফাইনারি লিমিটেড-এ প্রক্রিয়াকরণের জন্য ৬,৬৬,৭৯২.০৬ মেট্রিক টন মারবান ক্রুড অয়েল এবং ৭,১২,৫৩৭.২৪ মেট্রিক টন এরাবিয়ান লাইট ক্রুড অয়েল (এএলসি) অর্থাৎ; ১,৩৭৯,৩২৯.৩০ মেট্রিক টন ক্রুড অয়েল আমদানি করা হয়। ক্রুড অয়েল আমদানি বাবদ ব্যয় ছিল ৪,১০২.৪৯ কোটি টাকা বা ৫১৮.৫৩ মিলিয়ন মার্কিন ডলার। পূর্ববর্তী অর্থ বছরগুলোতে অর্থাৎ ২০১৫-২০১৬, ২০১৪-১৫, ২০১৩-১৪, ২০১২-১৩ সময়ে ক্রুড অয়েল আমদানির পরিমান ছিল যথাক্রমে ১,০৯০,৯৪০.৩৭ মেট্রিক টন, ১,৩০৩,১৯৪.৮২ মেট্রিক টন, ১,১৭৬,৬৯২.৬৯ মেট্রিক টন ও ১,২৯২,১০১.৭১ মেট্রিক টন এবং আমদানি ব্যয় ছিল ৩,২২৫.৯২ কোটি টাকা বা ৩৩৬.১৪৯ মিলিয়ন মার্কিন ডলার, ৫,৭৩৯.৩৫ কোটি টাকা বা ৭৩৩.৯৯৯ মিলিয়ন মার্কিন ডলার, ৭,৯৫৭.২৯ কোটি টাকা বা ৯৬৮.৫৫৩ মিলিয়ন মার্কিন ডলার ও ৮,৫৩৬.৭০ কোটি টাকা বা ১০৬০.৩০২ মিলিয়ন মার্কিন ডলার।

২০১৬-২০১৭ অর্থ বছরে বিপিসি পেট্রোবাংলার আওতাধীন বিভিন্ন গ্যাস ক্ষেত্র থেকে ২,৮৩৭.০০ মেট্রিক টন গ্যাস কনডেনসেট ইস্টার্ণ রিফাইনারীতে ক্রুড অয়েলের সাথে মিশ্রণ করে প্রক্রিয়াজাত করেছে। ২০১৫-২০১৬ অর্থ বছরেও ৮,১৯৪.৩৫৭ মেট্রিক টন গ্যাস কনডেনসেট প্রক্রিয়াজাত করা হয়েছিল।

২০১৬-২০১৭ অর্থ বছরে বিপিসি ১,৩৭৯,৩২৯.৩০ মেট্রিক টন ক্রুড অয়েল আমদানির পাশাপাশি ৩,৫৩৮,৮৭৩.৭৮ মেট্রিক টন ডিজেল, ১৬,৪৬২.৮৮ মেট্রিক টন মোগ্যাস, ৩৭৬,০৯৫.৫৭ মেট্রিক টন জেট-এ-১ এবং ৫,২১,১৯৮.৬৩ মেট্রিক টন ফার্ণেস অয়েলও আমদানি করেছে। পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানির খাতে এ অর্থ বছরে মোট ব্যয় হয়েছে ১৫,৫৫৭.৬৫ কোটি টাকা। ২০১২-১৩ ও ২০১১-১২ অর্থ বছরে যথাক্রমে ৩৮.৫৬ কোটি টাকা ব্যয়ে ৪,৮৫২.৮৭ মেট্রিক টন ও ৫৩.১১ কোটি টাকা ব্যয়ে ৪,৯৮০ মেট্রিক টন ল্যুব বেস অয়েল আমদানি করা হলেও ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬, ২০১৪-১৫ ও ২০১৩-১৪ অর্থ বছরে বিপিসি কোন ল্যুব বেস অয়েল আমদানি করেনি। উল্লেখ্য, বেসরকারী খাতে ল্যুব বেস অয়েল ব্লেন্ডিং প্ল্যান্ট স্থাপনসহ প্রক্রিয়াকৃত ল্যুব্রিকেটিং অয়েল আমদানি ও বাজারজাতকরণ উন্মুক্ত করার ফলে ল্যুব বেস অয়েল আমদানি খাতে বিপিসি'র ব্যয় উল্লেখযোগ্য ভাবে হ্রাস পেয়েছে। এমতাবস্থায়, ২০১৬-২০১৭ অর্থ বছরে সামগ্রীকভাবে পেট্রোলিয়াম পণ্য আমদানির পরিমাণ ছিল ৫,৮৩১,৯৬০.১৬ মেট্রিক টন এবং এ আমদানি বাবদ মোট ব্যয়ের পরিমান ছিল ১৯,৬৬০.১৪ কোটি টাকা বা ২,৪৭৫.৯৬ মিলিয়ন মার্কিন ডলার। ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থ বছরে মোট আমদানি ব্যয় ছিল যথাক্রমে ৩৬,৫৮৭.৫৩ কোটি টাকা বা ৪,৬১৮.৫৩৮ মিলিয়ন মার্কিন ডলার, ২৭,০২৩.২৭ কোটি টাকা বা ৩,৪৪৮.৫৬৪ মিলিয়ন মার্কিন ডলার ও ১৪,৯৯৬.৭৫ কোটি টাকা বা ১,৮৩০.৩২৩ মিলিয়ন মার্কিন ডলার।

অপরদিকে বাংলাদেশে ন্যাফথার চাহিদা কম থাকায় ইআরএল এ উৎপাদিত ন্যাফথা রপ্তানি করা হয়ে থাকে। ২০১৬-১৭ অর্থ বছরে বিপিসি ১,০৯,১৩০.১৬২ মেট্রিক টন ন্যাফথা রপ্তানি করে ৩৫৭.৪৪ কোটি টাকা বা ৪৫.৭০ মিলিয়ন মার্কিন ডলার আয় করেছে। পূর্ববর্তী অর্থ বছরে অর্থাৎ ২০১৫-১৬ এ ৩৭,৫৬৫.৬২ মেট্রিক টন ন্যাফথা রপ্তানি করে ১২.৯৪০ মিলিয়ন মার্কিন ডলার বা ১০০.৭৫ কোটি টাকা আয় করা হয়েছিল।

## বিপণন কার্যক্রম

২০১৬-১৭ অর্থ বছরে দেশে পেট্রোলিয়াম পণ্যের বিক্রয় পরিমান ছিল ৫৮.৮৯ লক্ষ মেট্রিক টন। পক্ষান্তরে, ২০১৫-১৬ অর্থ বছরে দেশে পেট্রোলিয়াম পণ্যের বিক্রয় পরিমান ছিল ৫২.৫৬ লক্ষ মেট্রিক টন। অর্থাৎ, আলোচ্য অর্থ বছরে পূর্ববর্তী অর্থ বছর অপেক্ষা ৬.৩৩ লক্ষ মেট্রিক টন বিক্রয় বৃদ্ধি পেয়েছে। দেশে মোট বিক্রয়কৃত পরিমাণের মধ্যে ঢাকা বিভাগে ৩৮.০৬%, ময়মনসিংহ বিভাগে ২.৩৮%, চট্টগ্রাম বিভাগে ২০.৬৮%, খুলনা বিভাগে ১৪.৬০%, রংপুর বিভাগে ৬.০৬%, রাজশাহী বিভাগে ১২.০০%, বরিশাল বিভাগে ৩.২৫% এবং সিলেট বিভাগে ২.৯৭% বিক্রি হয়েছে। আলোচ্য অর্থ বছরে কৃষি খাতে ১৫.৩৮%, শিল্প খাতে ৬.৩০%, বিদ্যুৎ খাতে ২৩.৩০%, যোগাযোগ খাতে ৫১.৬০%, গৃহস্থালি খাতে ৩.১০% এবং অন্যান্য খাতে ০.৩২% পেট্রোলিয়াম পণ্য ব্যবহৃত হয়েছে।

২০১৬-১৭ অর্থ বছরে দেশে নৌপথে প্রায় ৯০ শতাংশ, রেলপথে প্রায় ৮ শতাংশ এবং সড়ক পথে প্রায় ২ শতাংশ জ্বালানি তেল পরিবহন করা হয়েছে। এক্ষেত্রে নৌপথে জ্বালানি তেল পরিবহনের জন্য তিনটি তেল বিপণন কোম্পানির পরিবহন বহরে সর্বমোট ৯৫টি কোস্টাল ট্যাংকার এবং ৭৩টি বে-ক্রসিং শ্যালো ট্যাংকার, ৮টি শ্যালো ড্রাফট ট্যাংকার এবং ২৩টি মিনি অয়েল ট্যাংকার ভাড়ায় নিয়োজিত রয়েছে।

মূল-স্থাপনা চট্টগ্রাম থেকে কোস্টাল ট্যাংকারযোগে সেকেন্ডারি অয়েল ডিপোতে জ্বালানি তেল পরিবহন করা হয়। প্রতিটি কোস্টাল ট্যাংকারের পরিবহন ক্ষমতা ১,৫০০ থেকে ১,৮০০ মে.টন অনুরূপভাবে, সেকেন্ডারি ডিপো (গোগনাইল/ফতুল্লা) থেকে টার্শ্যারি ডিপো বাঘাবাড়ী ও চিলমারী ডিপোতে শ্যালো ড্রাফট ট্যাংকারযোগে জ্বালানি তেল পরিবহন করা হয়। প্রতিটি শ্যালো ড্রাফট ট্যাংকারের ধারণ ক্ষমতা ৫০০ থেকে ৬৫০ মে.টন এবং বে-ক্রসিং শ্যালো ড্রাফট ট্যাংকারের ধারণ ক্ষমতা ৭৫০ থেকে ৯০০ মে.টন।

মূল-স্থাপনা, চট্টগ্রাম থেকে মিটার গেজ রেলপথে সিলেট, শ্রীমঙ্গল, রংপুর ও পার্বতীপুরে জ্বালানি তেল পরিবহন করা হয়। পক্ষান্তরে, দৌলতপুর ডিপো থেকে ব্রডগেজ রেলপথে নাটোর, পার্বতীপুর, রাজশাহী ও হরিয়ান ডিপোতে জ্বালানি তেল পরিবহন করা হয়।

চট্টগ্রামস্থ মূল-স্থাপনা ব্যতীত দেশের ২১টি স্থানে তিনটি তেল বিপণন কোম্পানির ডিপো/সরবরাহ কেন্দ্র রয়েছে। এছাড়া উড়োজাহাজে জ্বালানি তেল সরবরাহের জন্য শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর সংলগ্ন কুর্মিটোলা, চট্টগ্রাম শাহ্ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর ও সিলেটে ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দরে বিপিসি'র নিয়ন্ত্রণাধীন পদ্মা অয়েল কোম্পানি লিঃ এর ৩টি এভিয়েশন ডিপো রয়েছে। এছাড়া কক্সবাজার বিমান বন্দরে সংস্থার অঙ্গ-প্রতিষ্ঠান হিসেবে স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিঃ বিমানে জ্বালানি তেল সরবরাহ করছে।

জ্বালানি তেল সরবরাহের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকা হচ্ছে দেশের উত্তরাঞ্চল। ২০১৬-১৭ অর্থ বছরে দেশের উত্তরাঞ্চলে পেট্রোলিয়াম পণ্যের মোট বিক্রয় পরিমান ছিল ৯,৫৬,০৯২ মেট্রিক টন। এর মধ্যে ডিজেল বিক্রয়ের পরিমান ছিল ৭,৭১,৪৭৫ মে.টন, যা মোট বিক্রয়ের ৮১%। উল্লেখ্য, উত্তরাঞ্চলে বাঘাবাড়ী ও চিলমারীতে ২টি নৌ-ডিপো; পার্বতীপুর, রংপুর ও নাটোরে ৩টি রেলহেড ডিপো এবং রাজশাহী ও হরিয়ানে ২টি রেলহেডে সরবরাহ কেন্দ্র রয়েছে। উত্তরাঞ্চলে সকল ডিপোর মোট ডিজেল ধারণ ক্ষমতা ৮০,০০৪ মে.টন, এর মধ্যে শুধুমাত্র বাঘাবাড়ী ডিপোর ডিজেল ধারণ ক্ষমতা ৬০,৯০৭ মে.টন। রবি মওসুমে দেশের উত্তরাঞ্চলে বোরোধান ও গম চাষের নিমিত্তে সেচকার্যের জন্য ডিজেলের চাহিদা স্বাভাবিক সময়ের তুলনায় বহুলাংশে বৃদ্ধি পায়। এ সময়ে যমুনা নদীর নাব্যতা অস্বাভাবিক হ্রাস পাওয়ার কারণে নৌপথে দেশের উত্তরাঞ্চলে সেচকার্যের জন্য বর্ধিত পরিমাণে জ্বালানি তেল সরবরাহ প্রায়শঃ বিঘ্নিত হয়। ফলে কৃষিসেচ মওসুমে রেলপথে জ্বালানি তেল পরিবহনের গুরুত্ব বৃদ্ধি পায়।

প্রতি বছর রবি মওসুমে দেশের উত্তরাঞ্চলে সেচকার্যের জন্য বর্ধিত পরিমাণ ডিজেল সরবরাহের নিমিত্তে বিপিসি সুনির্দিষ্ট ''কনটিনজেন্সি প্ল্যান'' গ্রহণের মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, স্থানীয় প্রশাসন, অন্যান্য সহযোগী সংস্থা ও বিপিসি'র অংগ প্রতিষ্ঠানগুলোর সহায়তায় দেশের প্রত্যন্ত অঞ্চলে যথাসময়ে সরকার নির্ধারিত মূল্যে জ্বালানি তেল সরবরাহ করে বাম্পার বোরো ধানসহ অন্যান্য কৃষিজ ফসলাদি উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

## আর্থিক কার্যক্রম

২০১৫-২০১৬ অর্থ বছরে ৪৭,৬৩,৫১৭ মেট্রিক টন জ্বালানি তেল আমদানি করতে মার্কিন ডলার ১,৮৩০.৩২ মিলিয়ন সমপরিমান টাকা ১৪,৯৯৬.৭৫ কোটি ব্যয় করে। এর মধ্যে ১০,৯০,৯৪০ মে.টন ক্রুড অয়েল আমদানি বাবদ মার্কিন ডলার ৩৩৬.১৫ মিলিয়ন সমপরিমান টাকা ৩,২২৫.৯২ কোটি এবং ৩৬,৭২,৫৭৭ মে.টন পরিশোধিত তেল আমদানি বাবদ মার্কিন ডলার ১,৪৯৪.১৭ মিলিয়ন সমপরিমাণ টাকা ১১,৭৭০.৮৩ কোটি। একই সময়ে রিফাইনারীতে প্রক্রিয়াজাতকৃত চাহিদার অতিরিক্ত ন্যাফথা রপ্তানি করে প্রায় মা.ড ১২.৯৪ মিলিয়ন সমপরিমাণ প্রায় ১০০.৭৫ কোটি টাকার বৈদেশিক মুদ্রা আয় করে।

২০১৫-২০১৬ অর্থ বছরে আইটিএফসি-জেদ্দা থেকে মা.ড ১,০০০.০০ মিলিয়ন ঋণ গ্রহণ করা হয়। পাশাপাশি মা.ড ১,১৩৯.১৫ মিলিয়ন ঋণ পরিশোধ করা হয়।

২০১৬-২০১৭ অর্থ বছরে ৫৭,৮০,৫৯৭ মেট্রিক টন জ্বালানি তেল আমদানি করতে মার্কিন ডলার ২,৪৭১.৫৪ মিলিয়ন সমপরিমান টাকা ১৯,৮০৬.৯২ কোটি ব্যয় করে। এর মধ্যে ১৩,৮৭,৯৬৬ মে.টন ক্রুড অয়েল আমদানি বাবদ মার্কিন ডলার ৫১৪.১০ মিলিয়ন সমপরিমান টাকা ৪,১৩২.৩৫ কোটি এবং ৪৩,৯২,৬৩১ মে.টন পরিশোধিত তেল আমদানি বাবদ মার্কিন ডলার ১,৯৫৭.৪৪ মিলিয়ন সমপরিমাণ টাকা ১৫,৬৭৪.৫৭ কোটি। একই সময়ে রিফাইনারীতে প্রক্রিয়াজাতকৃত চাহিদার অতিরিক্ত ন্যাফথা রপ্তানি করে প্রায় মা.ড ৪৫.৭০ মিলিয়ন সমপরিমাণ প্রায় ৩৫৮.৩০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা আয় করে।

২০১৬-২০১৭ অর্থ বছরে আইটিএফসি-জেদ্দা থেকে মা.ড ৭০০.০০ মিলিয়ন ঋণ গ্রহণ করা হয়। পাশাপাশি মা.ড ৬০৫.৫৬ মিলিয়ন ঋণ পরিশোধ করা হয়।

## উন্নয়ন কার্যক্রম

বিপিসি দেশে জ্বালানি তেল আমদানি, পরিশোধন, মজুদ ও সরবরাহ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে দেশব্যাপী যথোপযোগী অবকাঠামো গড়ে তোলার উদ্দেশ্যে বিভিন্ন উন্নয়ন প্রকল্প/কর্মকান্ড গ্রহণ ও বাস্তবায়ন করে থাকে। দেশে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা ও অন্যান্য সেক্টরে জ্বালানি তেলের চাহিদা অনেক বৃদ্ধি পেয়েছে। ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থ বছরে দেশে জ্বালানি তেলের চাহিদা ছিল যথাক্রমে ৫৩.২১ লক্ষ এবং ৫২.৫৬ লক্ষ মে.টন। ২০১৫-১৬ অর্থ বছরের চেয়ে চলতি অর্থ বছরের চাহিদা প্রায় ৩% বৃদ্ধি পেয়েছে। ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরে দেশে জ্বালানি তেলের চাহিদা যথাক্রমে ৫৯.৫০ লক্ষ ও ৬২.৩৫ লক্ষ মে.টন প্রাক্কলন করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে মোট ১২(বার)টি প্রকল্প অনুমোদিত ও চলমান ছিল যার মধ্যে ১টি প্রকল্প এ বছর সমাপ্ত হয় ও ১১টি প্রকল্পের কার্যক্রম চলমান ছিল। তাছাড়া ৫টি নতুন প্রকল্প গ্রহণের বিষয় বিবেচনা করা হয়। প্রকল্পের বিবরণ নিম্নরূপঃ

**ক) সমাপ্ত প্রকল্পসমূহঃ**

| নং | প্রকল্প | অর্থায়ন |
|---|---|---|
| ১। | ডেভেলপমেন্ট অফ ল্যান্ড এ্যান্ড কনস্ট্রাকশন অব ৩*২৫০০ মে.টন জেট-এ-১ ষ্টোরেজ ট্যাংক অন ডেভেলপড ল্যান্ড এ্যাট কুর্মিটোলা এভিয়েশন ডিপো, ঢাকা। | বিপিসি |

**খ) অনুমোদিত প্রকল্পসমূহঃ**

| নং | প্রকল্প | অর্থায়ন |
|---|---|---|
| ১। | ইনষ্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম)। | এডিপি |
| ২। | কনস্ট্রাকশন অব মংলা অয়েল ইনষ্টলেশন। | বিপিসি |
| ৩। | কনস্ট্রাকশন অব হেড অফিস বিল্ডিং অফ পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড (২২ তলা বিশিষ্ট) | পিওসিএল |
| ৪। | ফিজিবিলিটি স্টাডি অফ জেট-এ-১ পাইপলাইন ফ্রম কাঞ্চনব্রিজ, পিতলগঞ্জ টু কেএডি ডিপো, ঢাকা ইনকুলডিং স্টোরেজ ট্যাংক। | বিপিসি |
| ৫। | চট্টগ্রাম টার্মিনালে ৪ তলা ভবন নির্মান প্রকল্প, জেওসিএল, গুপ্তখাল, পতেঙ্গা, চট্টগ্রাম। | জেওসিএল |
| ৬। | প্রজেক্ট ম্যানেজমেন্ট-এ কনস্যালটেন্সি সার্ভিসেস ফর দি ইনস্টলেশন অফ ইআরএল ইউনিট-২ | বিপিসি |
| ৭। | এয়ারক্রাফ্ট রি-ফুয়েলিং ফ্যাসিলিটিজ এ্যাট কক্সবাজার এয়ারপোর্ট | এসএওসিএল |
| ৮। | কনস্ট্রাকশন অব ২০ স্টোরিড যমুনা অফিস বিল্ডিং(যমুনা ভবন) এ্যাট কাওরান বাজার, ঢাকা (সেকেন্ড ফেজ) | জেওসিএল |
| ৯। | কনস্ট্রাকশন অব ১৯ স্টোরিড মেঘনা ভবন উইথ ৩ বেজমেন্ট ফ্লোর এ্যাট আগ্রাবাদ কর্মাশিয়াল এরিয়া, চট্টগ্রাম | এমপিএল |
| ১০। | ফিড সার্ভিসেস ফর দি ইনস্টলেশন অফ ইআরএল ইউনিট-২। | বিপিসি |
| ১১। | ফিজিবিলিটি স্টাডি অফ কনস্ট্রাকশন অব অয়েল পাইপলাইন ফ্রম, চিটাগাং টু ঢাকা। | বিপিসি |

**গ) প্রস্তাবিত প্রকল্পসমূহঃ**

| নং | প্রকল্প | অর্থায়ন |
|---|---|---|
| ১। | ইনস্টলেশন অব ইআরএল ইউনিট-২। | বিপিসি |
| ২। | কনস্ট্রাকশন অব ইন্দো-বাংলা ফ্রেন্ডশীপ পাইপলাইন(আইবিএফপিএল) ফ্রম শিলিগুড়ি মার্কেন্টিং টার্মিনাল (এসএমটি), ইন্ডিয়া টু পার্বতীপুর ডিপো, বাংলাদেশ ফর ইম্পোর্ট ডিজেল ফ্রম নুমালীগড় রিফাইনারী, ইন্ডিয়া। | ভারত সরকার |
| ৩। | কম্পোজিট পেট্রোলিয়াম রিফাইনারী উইথ এসপিএম এ্যাট পায়রা পোর্ট। | বিপিসি |
| ৪। | কনস্ট্রাকশন অব অয়েল পাইপলাইন ফ্রম চিটাগাং টু ঢাকা। | বিপিসি |
| ৫। | কনস্ট্রাকশন অব জেট-এ-১ পাইপলাইন ফ্রম কাঞ্চনব্রীজ, পিতলগঞ্জ টু কেএডি ডিপো, ঢাকা ইনক্লুডিং স্টোরেজ ট্যাংক। | বিপিসি |

উল্লেখিত প্রকল্প সমূহের মধ্যে ১১(এগার)টি প্রকল্প অনুমোদিত এবং ৫(পাঁচ)টি প্রকল্প অনুনোমোদিত। অনুমোদিত ১১(এগার)টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে ১টি প্রকল্প সমাপ্ত হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে দেশে জ্বালানি তেলের মজুদ ক্ষমতা ৭,৫০০ মেট্রিক টন বৃদ্ধি পেয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরের মধ্যে আরো ৩টি প্রকল্পের কাজ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পগুলো বাস্তবায়িত হলে দেশের জ্বালানি তেল অপারেশন, শোধন পরিবহন ও দাপ্তরিক কাজে সুবিধাসহ আমুল পরিবর্তন সাধিত হবে। তন্মধ্যে ERL Unit-2 প্রকল্পের জন্য PMC ও FEED Service, কনস্ট্রাকশন অব মংলা অয়েল ইনষ্টলেশন নির্মাণ প্রকল্প উল্লেখযোগ্য। চলমান উল্লেখযোগ্য প্রকল্পগুলোর সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপঃ

"Installation of Single Point Mooring(SPM)" প্রকল্পে ১(এক)টি পাইপলাইনের পরিবর্তে ২(দুই)টি পাইপলাইন অন্তর্ভূক্ত করায় প্রকল্পের কার্যক্রম অনেক বৃদ্ধি পায়। ফলে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে "Installation of Single Point Mooring(SPM)" প্রকল্পটি সমাপ্ত করে "Installation of

Single Point Mooring (SPM) With Double Pipeline" নামে নতুন প্রকল্প গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। কার্যত সমাপ্ত পূর্ববর্তী প্রকল্পের সংশ্লিষ্ট ডকুমেন্টসমূহ সংযুক্ত করে "Installation of Single Point Mooring (SPM) With Double Pipelin" নামে নুতন একটি প্রকল্প করা হয়েছে। এ প্রকল্পটি বাস্তবায়িত হলে জাহাজ হতে ১.০০ লক্ষ মেট্রিক টন ক্রুড অয়েল ৯/১০ দিনের পরিবর্তে ২ দিনে এবং আমদানিতব্য ৭০-৮০ হাজার মেট্রিক টন ডিজেল ২৭/২৮ ঘন্টায় খালাস করা সম্ভব হবে। জাহাজ ভাড়া, লাইটারেজ ব্যয়, অপারেশনাল লস হ্রাস পাবে। অপরিশোধিত ও পরিশোধিত তেল সহজ, দ্রুত, সুষ্ঠু ও ব্যয় সাশ্রয়ীভাবে খালাস করা সম্ভব হবে।

১.০০ লক্ষ মে.টন ধারন ক্ষমতার "কনস্ট্রাকশন অব মংলা অয়েল ইনষ্টলেশন" প্রকল্পটি সমাপ্ত হলে দেশের দক্ষিণ, দক্ষিণ-পশ্চিম ও উত্তরাঞ্চলে জ্বালানি সরবরাহ করা সহজতর হবে। জ্বালানি তেলের মজুদ ক্ষমতা ও জ্বালানি নিরাপত্তা বৃদ্ধি পাবে।

উল্লেখিত অনুমোদিত ১১টি প্রকল্প বাস্তবায়নের জন্য প্রাক্কলিত ব্যয় ৬৪৪,১৯৮.০০ (ছয় লক্ষ চুয়াল্লিশ হাজার একশত আটানববই) লক্ষ টাকা যার মধ্যে বৈদেশিক মূদ্রার পরিমাণ ৪৬৮,০০০.০০ (চার লক্ষ আটষট্টি হাজার চারশত) লক্ষ টাকা।

জ্বালানি তেল সেক্টরের উপরোল্লিখিত প্রকল্পসমূহ বাস্তবায়িত হলে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের পাশাপাশি জ্বালানি নিরাপত্তা আরো সুদৃঢ় করা সম্ভব হবে।

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
চেয়ারম্যান

## জ্বালানি তেল আমদানি ব্যয়
### (বৈদেশিক মুদ্রা ব্যয়ের হিসাব)

(কোটি টাকায়)

| খাত | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-২০১৬ | ২০১৬-২০১৭ |
|---|---|---|---|---|
| অশোধিত তেল আমদানি ব্যয় | ৭৯৫৭.২৯ | ৫৭৩৯.৩৫ | ৩,২২৫.৯২ | ৪,১৩২.৩৫ |
| পরিশোধিত তেল আমদানি ব্যয় | ২৩৪৮৫.৫৬ | ১৮৫৬৯.৬২ | ১১,১১০.৩১ | ১৪,৪৩৩.৯১ |
| ফার্নেস আমদানি ব্যয় | ৫১৪৪.৬৮ | ২৭১৪.৩০ | ৬৬০.৫২ | ১,২৪০.৬৬ |
| লুব্রিকেন্ট আমদানি ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট আমদানি ব্যয়** | **৩৬৫৮৭.৫৩** | **২৭০২৩.২৭** | **১৪,৯৯৬.৭৫** | **১৯,৮০৬.৯২** |
| বাদ রপ্তানি আয় | ৬৬২.৫৩ | ৩৬৫.৬৬ | ১০০.৭৫ | ৩৫৮.৩০ |
| **নীট আমদানি বিল** | **৩৫৯২৫.০০** | **২৬৬৫৭.৬১** | **১৪,৮৯৬.০০** | **১৯,৪৪৮.৬২** |




## সরকারী কোষাগারে অর্থ প্রদান

(কোটি টাকায়)

| বিবরণ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ |
|---|---|---|---|---|
| আমদানি শুল্ক | ১১৬৮.৯৭ | ১৪৪৯.৬৭ | ১৪৪২.৩৫ | ১৭২৭.২২ |
| ভ্যাট | ২৯০৮.৪১ | ৩৩০৫.৮৪ | ৪০৬৯.৯৩ | ৫৮৪৮.৪৭ |
| আয়কর | ১৩৯.৬৬ | ৪৭৩.৫৫ | ৭০৭.০৩ | ৮১০.৫৭ |
| **সর্বমোট** | **৪২১৭.০৪** | **৫২২৯.০৬** | **৬২১৯.৩১** | **৮৩৮৬.২৬** |



## বাণিজ্যিক কার্যক্রম

| পণ্যের পরিমান | ২০১৫-২০১৬ | | | ২০১৬-২০১৭ | | |
|---|---|---|---|---|---|---|
| | পরিমাণ মে.টন | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | পরিমাণ মে.টন | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা |
| ১। ক্রুড অয়েল | ১,০৯০,৯৪০.৩৭ | ৩৩৬.১৪৯ | ৩,২২৫.৯২ | ১,৩৭৯,৩২৯.৩০ | ৫১৮.৫৩ | ৪,১০২.৫০ |
| ২। রিফাইন্ড অয়েল | ৩,৬৭২,৫৭৬.৫০ | ১,৪৯৪.১৭৪ | ১১,৭৭০.৮৩ | ৪,৪৫২,৬৩০.৮৬ | ১,৯৫৭.৪৩ | ১৫,৫৫৭.৬৫ |
| ৩। ল্যুব বেজ অয়েল | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সর্বমোট | ৪,৭৬৩,৫১৬.৮৭ | ১,৮৩০.৩২৩ | ১৪,৯৯৬.৭৫ | ৫,৮৩১,৯৬০.১৬ | ২৪৭৫.৯৬ | ১৯,৬৬০.১৪ |

## উদ্বৃত্ত পেট্রোলিয়াম পণ্য ন্যাফথা রপ্তানি আয়ের বিবরণ

| পণ্যের নাম | বছর | পরিমাণ মে.টন | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা |
|---|---|---|---|---|
| ন্যাফথা | ২০১৫-১৬ | ৩৭,৫৬৫.৬২ | ১২.৯৪০ | ১০০.৭৫ |
| | ২০১৬-১৭ | ১,০৯,১৩০.১৬২ | ৪৫.৭০ | ৩৫৭.৪৪ |

## আমদানির পরিমাণ ও আমদানি ব্যয়

| বছর | অপরিশোধিত | | | পরিশোধিত | | | ল্যুব বেস অয়েল | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পরিমাণ মেট্রিক টন | মূল্য মিলিয়ন মার্কিন ডলার | মূল্য কোটি টাকায় | পরিমাণ মেট্রিক টন | মূল্য মিলিয়ন মার্কিন ডলার | মূল্য কোটি টাকায় | পরিমাণ মেট্রিক টন | মূল্য মিলিয়ন মার্কিন ডলার | মূল্য কোটি টাকায় |
| ২০১৫-১৬ | ১,০৯০,৯৪০.৩৭ | ৩৩৬.১৪৯ | ৩,২২৫.৯২ | ৩,৬৭২,৫৭৬.৫০ | ১,৪৯৪.১৭৪ | ১১,৭৭০.৮৩ | ০ | ০ | ০ |
| ২০১৬-১৭ | ১,৩৭৯,৩২৯.৩০ | ৫১৮.৫৩ | ৪,১০২.৫০ | ৪,৪৫২,৬৩০.৮৬ | ১,৯৫৭.৪৩ | ১৫,৫৫৭.৬৫ | ০ | ০ | ০ |

## ইস্টার্ণ রিফাইনারির কার্যক্রম

পরিমাণঃ মেট্রিক টন

| (ক) উৎপাদন উপাত্তঃ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ |
|---|---|---|---|---|
| ক্রুড অয়েলের প্রারম্ভিক মজুদ | ১৩৬১৩০ | ৭৫৯০১ | ১৪০৯৪৩ | ১০৫৮৯৬ |
| ক্রুড অয়েলের আমদানি গ্রহণ | ১১০৬৫২২ | ১২৬২৩৯৮ | ১০৯৯০৮৯ | ১৩৫০০০৯ |
| কনডেনসেট গ্রহণ | ৩৮১০৮ | ৫৭৯১২ | ৫৪৮৪৮ | ২৬০৭১ |
| মোট মজুদ | ১২৮০৭৬০ | ১৩৯৬২১১ | ১২৩৫০৫৬ | ১৪৮১৯৭৬ |
| বাদঃ মোট পরিশোধণ | ১২০৪৮০০ | ১২৫২২০০ | ১১২৯১৬০ | ১৩৯১৬৬৫ |
| কনডেনসেট রপ্তানি | ৬০ | ৩০৬৮ | ৫৯৮০২ | ০০ |
| ক্রুড অয়েলের সমাপনী মজুদ | ৭৫৯০০ | ১৪০৯৪৩ | ১০৫৮৯৬ | ৯০৩১১ |
| **(খ) ক্রুড অয়েল পরিশোধন উপাত্তঃ** | **২০১৩-১৪** | **২০১৪-১৫** | **২০১৫-১৬** | **২০১৬-১৭** |
| ক্রুড অয়েলের পরিশোধন | ১২০৪৮০০ | ১২৫২২০০ | ১১২৯১৬০ | ১৩৯১৬৬৫ |
| পরিশোধিত পণ্য উৎপাদন | ১১৮২৪৪৯ | ১২২৯০৬৪ | ১১০৭৩১৭ | ১৩৬৪৭২৮ |
| আধা-পরিশোধনকৃত পরিমাণ | ২০৯৭ | ১৯৪৩ | ২৮২৩ | ৩৩৭৬ |
| গ্যাস+ঘাটতি পরিমাণ | ২০২৫৪ | ২১১৯৩ | ১৯০২০ | ২৩৫৬১ |
| প্রতিদিনের গড় উৎপাদন | ৩৮২১ | ৩৭৫৩ | ৩৭৫০ | ৩৯৩১ |
| মোট কর্মদিবস সংখ্যা | ৩১০ | ৩২৮ | ২৯৬ | ৩৪৮ |
| মোট কর্মহীন দিবস সংখ্যা | ৫৫ | ৩৭ | ৫৯ | ১৭ |

## এ্যাসফলটিক বিটুমিন প্ল্যান্ট কার্যক্রম

পরিমাণঃ মেট্রিক টন

| (ক) উৎপাদন উপাত্তঃ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ |
|---|---|---|---|---|
| আরসিও'র প্রারম্ভিক মজুদ | ১৯৩০৩ | ১০৫৮০ | ১৯১৬২ | ১১৪৫২ |
| রিফাইনারি থেকে আরসিও গ্রহণ | ১০৬৯১৭ | ১৪০৪২৭ | ৫৭৫৪৫ | ১১৭১৯৮ |
| মোট আরসিও মজুদ | ১২৬২২০ | ১৫১০০৭ | ৭৬৭০৭ | ১২৮৬৪৯ |
| বাদঃ বিটুমিন উৎপাদন | ৫৬৯২৩ | ৬৬৭৫৮ | ৩২৮৪১ | ৫৫৬৩৫ |
| বাই প্রোডাক্ট উৎপাদন | ৫৬৪৪৮ | ৬২৩১৫ | ৩১০৪৯ | ৫৮৯৫০ |
| গ্যাস+ঘাটতি পরিমাণ | ২২৬৯ | ২৭৭২ | ১৩৬৫ | ২৪৪০ |
| মোট আরসিও পরিশোধন | ১১৫৬৪০ | ১৩১৮৪৫ | ৬৫২৫৫ | ১১৭০২৫ |
| আরসিও'র সমাপনী মজুদ | ১০৫৮০ | ১৯১৬২ | ১১৪৫২ | ১১৬২৫ |
| **(খ) বিটুমিন সরবরাহ উপাত্তঃ** | **২০১৩-১৪** | **২০১৪-১৫** | **২০১৫-১৬** | **২০১৬-১৭** |
| পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড | ১০৩০০ | ১৭৪২৮ | ৫৬১৯ | ৯৫৬৪ |
| মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড | ২৫৪৩৫ | ২১৬৯৭ | ১২১৯৬ | ১৬১৬৫ |
| যমুনা অয়েল কোম্পানি লিমিটেড | ১১৭৯২ | ১৩৫৮৭ | ৩৯২৪ | ১২৮২৩ |
| স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোঃ লিঃ | ৮৪৫৮ | ১২৬৯৯ | ১১৬৮৯ | ১৬৫০৫ |
| অন্যান্য বিক্রয় | ৭৩৬ | ৪১৫ | ২৪ | ০৯ |
| **সর্বমোট সরবরাহ পরিমাণ** | **৫৬৭২১** | **৬৫৮২৬** | **৩৩৪৫২** | **৫৫০৬৬** |

## এল পি গ্যাস লিমিটেড এর চট্টগ্রামস্থ প্ল্যান্টের কার্যক্রম

পরিমাণঃ মেট্রিক টন

| (ক) উৎপাদন উপাত্তঃ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ |
|---|---|---|---|---|
| এলপিজি প্রারম্ভিক মজুদ | ৩৩.০২৩ | ১২৫.২২৫ | ১১৭.৮৬৫ | ১০৭.৭১৯ |
| রিফাইনারি থেকে গ্রহণ | ১১৩৪৩.৭৮৬ | ১০৯৪৫.২৯১ | ১০৩০১.৫৮১ | ১০৭৮৯.৮৫৪ |
| মোট মজুদ | ১১৩৭৬.৮০৯ | ১১০৭০.৫১৬ | ১০৪১৯.৪৪৬ | ১০৮৯৭.৫৭৩ |
| সিলিন্ডার ভর্তিকরণ ও বাল্কে সরবরাহ | ১১২৫৫.১০০ | ১০৯৫৫.৬৩৮ | ১০৪১০.৫৭৫ | ১০৭৯৪.১৮৮ |
| বোতলজাতকরণের পর জের | ১২১.৭০৯ | ১১৪.৮৭৮ | ৮.৮৭১ | ১০৩.৩৮৫ |
| পরিচালন উদ্বৃত্ত/(ঘাটতি) | ৩.৫১৬ | ২.৯৮৭ | ৯৮.৮৪৮ | ৬৮.৫৪৮ |
| সমাপনী মজুদ | ১২৫.২২৫ | ১১৭.৮৬৫ | ১০৭.৭১৯ | ১৭১.৯৩৩ |
| **(খ) এলপিজি সরবরাহ উপাত্তঃ** | **২০১৩-১৪** | **২০১৪-১৫** | **২০১৫-১৬** | **২০১৬-১৭** |
| পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড | ২৮১২.৮৭৫ | ২৬৮৫.২৭৫ | ২৪৮৭.৮৮৮ | ২৩৪২.৫৫০ |
| যমুনা অয়েল কোম্পানি লিমিটেড | ২৬৮৫.৭৮৮ | ২৭০৬.৭৫০ | ২৬৫৪.২৬৩ | ২৭৭৪.৪৬৩ |
| মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড | ২৮২২.৪২৫ | ২৭৫৪.৭২৫ | ২৭৪০.১৩৭ | ২৮৮৯.৬৬২ |
| এসএওসিএল | ২৮৩২.৯৮৭ | ২৭১৭.৪৬৩ | ২৪৫৩.০৮৭ | ২৭২১.০৭৫ |
| প্ল্যান্ট কর্তৃক সরাসরি বিক্রয় | ১০১.০২৫ | ৯১.৪২৫ | ৭৫.২০০ | ৬৬.৪৩৮ |
| **সর্বমোট সরবরাহ পরিমাণ** | **১১২৫৫.১০০** | **১০৯৫৫.৬৩৮** | **১০৪১০.৫৭৫** | **১০৭৯৪.১৮৮** |

## এল পি গ্যাস লিমিটেড এর কৈলাশটিলা প্ল্যান্টের কার্যক্রম

পরিমাণঃ মেট্রিক টন

| (ক) উৎপাদন উপাত্তঃ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ |
|---|---|---|---|---|
| এলপিজি প্রারম্ভিক মজুদ | ৭৯.৪০ | ৬২.৭৭ | ১২৭.৩৪৬ | ৭৫.০৫১ |
| আরপিজিসিএল থেকে গ্রহণ | ৬২০৪.৬৪ | ৬৭০৭.৯৪ | ৬১১১.৩৬০ | ৫৭৪৮.৭৬১ |
| মোট মজুদ | ৬২৮৪.০৪ | ৬৭৭০.৭১ | ৬২৩৮.৭০৬ | ৫৮২৩.৮১২ |
| সিলিন্ডার ভর্তিকরণ ও বাল্কে সরবরাহ | ৬২২৬.০৪ | ৬৬১৮.৩০ | ৫৯২৮.৮৩০ | ৫৫৮৭.৭২৫ |
| বোতলজাতকরণের পর জের | ৫৮.০০ | ১৫২.৪১ | ৩০৯.৮৭৬ | ২৩৬.০৮৭ |
| পরিচালন উদ্বৃত্ত/(ঘাটতি) | ৪.৭৭ | (২৫.০৬) | (২৩৪.৮২৫) | ৪.০৫৩ |
| সমাপনী মজুদ | ৬২.৭৭ | ১২৭.৩৫ | ৭৫.০৫১ | ২৪০.১৪০ |
| **(খ) এলপিজি সরবরাহ উপাত্তঃ** | **২০১৩-১৪** | **২০১৪-১৫** | **২০১৫-১৬** | **২০১৬-১৭** |
| পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড | ১৮৫৫.৬০ | ১৮৮২.৩৯ | ১৫৬৫.৯০০ | ১৩৯৬.৫৬৩ |
| যমুনা অয়েল কোম্পানি লিমিটেড | ১৫০১.৫৬ | ১৪৩৫.৭০ | ১৪১০.৪৮৮ | ১১৪৩.৪৩৭ |
| মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড | ১৬৮০.৯৬ | ১৬৬৩.৯৩ | ১৬৬৪.৫২৫ | ১৮৬৬.৫২৫ |
| এসএওসিএল | ১১৫৭.০১ | ১৬০৬.০৯ | ১১১০.১৮৮ | ১১৫২.৪৭৫ |
| ইউনিভার্সেল গ্যাস লিঃ | - | - | ১৫০.৫৭৫ | - |
| প্ল্যান্ট কর্তৃক সরাসরি বিক্রয় | ৩০.৯০ | ৩০.২০ | ২৭.১৫৪ | ২৮.৭২৫ |
| **সর্বমোট সরবরাহ পরিমাণ** | **৬২২৬.০৪** | **৬৬১৮.৩০** | **৫৯২৮.৮৩০** | **৫৫৮৭.৭২৫** |

# বিপণন কার্যক্রম

## বিগত পাঁচ বছরে পণ্য ভিত্তিক বিক্রয়

পরিমাণঃ মে.টন

| পণ্য | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ |
|---|---|---|---|---|---|
| জেট এ-১ | ৩১৮৪২৩ | ৩২৩৩২৭ | ৩৩৮৮২৯ | ৩৪৭৩২৩ | ৩৭৬৭০০ |
| অকটেন | ১১০৮৫০ | ১১৭৪৫২ | ১২৬১১৪ | ১৪৭৫৫৭ | ১৮৬৯১১ |
| পেট্রোল | ১৬৯৭১০ | ১৭৮৬৭৪ | ১৬৬৮২৩ | ১৩৭৩৬০ | ২৩২৩৫৯ |
| কেরোসিন | ৩১৪৮৭৬ | ২৮৯৮৭১ | ২৬৩০২৯ | ২১৩৬৮৫ | ১৭০৯৯৩ |
| ডিজেল | ২৯৬৪৬০৪ | ৩২৪২৫৫৪ | ৩৩৯৬০৬১ | ৩৬০৬৪০৪ | ৪০০০০৪৪ |
| ফার্নেস অয়েল | ১০৭৬৪২৩ | ১২০২৫০৫ | ৯০৬৭৭১ | ৭১১৮৮৯ | ৮০৬৪৪০ |
| এলডিও | ১০৯২ | ১০৬৪ | ২৬৬৬ | ২৭৫৮ | ৬৬০ |
| জেবিও | ২৫৮৪১ | ২৩৫৩৮ | ১৮৭২৯ | ১৬৮৫৯ | ১৭১৩৩ |
| লুব অয়েল | ১৫৯০৮ | ১৭৮২৩ | ১৭৮৬৯ | ১৭৪৪৫ | ১৮৭৫২ |
| এসবিপিএস | ৮০০ | ৩৬৮ | ২৩৪ | ২০৭ | ৮৬৫ |
| এমটিটি | ৯৮৭৫ | ৭৮২১ | ৭০৩৮ | ২০৩৭ | ৬৪৭৫ |
| এলপিজি | ১৯৬৭১ | ১৭৫২৯ | ১৭৪২৪ | ১৬০৫০ | ১৬৩৭০ |
| বিটুমিন | ৫৮৩৯৬ | ৬২৪৪০ | ৫৯৮৩৬ | ৩৬৪৪৬ | ৫৫০২৮ |
| সর্বমোট | ৫০৮৬৪৬৯ | ৫৪৮৪৯৬৬ | ৫৩২১৪২৩ | ৫২৫৬০২০ | ৫৮৮৮৭৩০ |

## বিপণন কোম্পানি কর্তৃক পেট্রোলিয়াম পণ্য বিক্রয় পরিসংখ্যান ২০১৬-১৭

পরিমাণঃ মে.টন

| পণ্য | পদ্মা | মেঘনা | যমুনা | এসএওসিএল/ অন্যান্য | মোট ২০১৬-১৭ | মোট ২০১৫-১৬ |
|---|---|---|---|---|---|---|
| অকটেন | ৬৪৬১৬ | ৭১৪৪৪ | ৫০৮৫১ | ০ | ১৮৬৯১১ | ১৪৭৫৫৭ |
| পেট্রোল | ৮২৭৬৪ | ৭৪০০৮ | ৭৫৫৮৭ | ০ | ২৩২৩৫৯ | ১৩৭৩৬০ |
| কেরোসিন | ৪২০৩২ | ৭০২৪৩ | ৫৮৭১৮ | ০ | ১৭০৯৯৩ | ২১৩৬৮৫ |
| জিজেল | ১২০৯৩৫৯ | ১৫২৮২৪৮ | ১২০৯৬৩৪ | ৫২৮০৩ | ৪০০০০৪৪ | ৩৬০৬৪০৪ |
| এলডিও | ৬৬০ | ০ | ০ | ০ | ৬৬০ | ২৭৫৮ |
| ফার্নেস অয়েল | ১৭৯৬৯৮ | ২৯৫৮৮৪ | ২৪৭০৯৮ | ৮৩৭৬০ | ৮০৬৪৪০ | ৭১১৮৮৯ |
| জেবিও | ৬৩৩৯ | ৬৩১১ | ৪৪৮৩ | ০ | ১৭১৩৩ | ১৬৮৫৯ |
| লুব অয়েল | ৪৬১০ | ৯৫২১ | ৪৬২১ | ০ | ১৮৭৫২ | ১৭৪৪৫ |
| এলপিজি | ৩৮০২ | ৪৬৯৭ | ৩৯০৪ | ৩৯৬৭ | ১৬৩৭০ | ১৬০৫০ |
| বিটুমিন | ১০১৯৫ | ১৫২৯৭ | ১৩০২০ | ১৬৫১৬ | ৫৫০২৮ | ৩৬৪৪৬ |
| জেট এ-১ | ৩৭৬১৪১ | ০ | ০ | ৫৫৯ | ৩৭৬৭০০ | ৩৪৭৩২৩ |
| এসবিপিএস | ৮২৭ | ৩৮ | ০ | ০ | ৮৬৫ | ২০৭ |
| এমটিটি | ৫৯৮৭ | ৪৫৩ | ৩৫ | ০ | ৬৪৭৫ | ২০৩৭ |

## ২০১৬-১৭ অর্থবছরে প্রধান প্রধান পেট্রোলিয়ামজাত পণ্যের প্রারম্ভিক ও সমাপনী মজুদ

### ক) প্রারম্ভিক মজুদ (০১-০৭-২০১৬)

পরিমাণঃ মে.টন

| পণ্য | রিফাইনারির তৈলাধার | প্রধান স্থাপনা,চট্টগ্রাম (ভাসমান মজুদসহ) | দেশের বিভিন্ন ডিপোর মজুদ (ভাসমান মজুদসহ) | পথিমধ্যে | মোট |
|---|---|---|---|---|---|
| অকটেন | ৩২৮৫ | ২৮৪০ | ২৯২৭ | ১১১০ | ১০১৬২ |
| পেট্রোল | ২৫৫০ | ৫৪৫৯ | ৬৪০৪ | ৪৯৫ | ১৪৯০৮ |
| জেট এ-১ | ১৩৮০ | ২৬৬৭৭ | ১১৭৩০ | ২৯৫৭ | ৪২৭৪৪ |
| কেরোসিন | ৪৭৮৫ | ১৪১১৭ | ১৪১৫৮ | ১১১৩ | ৩৪১৭৩ |
| ডিজেল | ৩৩৮৫৫ | ১১৫৪০৮ | ৯০৮০০ | ৩১৪৪২ | ২৭১৫০৫ |
| ফার্নেস অয়েল | ১২৯২০ | ১৫৮৬৫ | ১১৪৭৯ | ৬৫৪৮ | ৪৬৮১২ |
| জেবিও | ৬৯৫ | ১২০৩ | ১৩০৫ | ০ | ৩২০৩ |
| এলডিও | ০ | ১ | ০ | ০ | ১ |
| এলপিজি, লুব, বিটুমিন | ৩৭১২ | ৫২৭২ | ৩৫৫ | ৭০০ | ১০০৩৯ |
| সর্বমোট | ৬৩১৮২ | ১৮৬৮৪২ | ১৩৯১৫৮ | ৪৪৩৬৫ | ৪৩৩৫৪৭ |

### খ) সমাপনী মজুদ (৩০-০৬-২০১৭)

পরিমাণঃ মে.টন

| পণ্য | রিফাইনারির তৈলাধার | প্রধান স্থাপনা,চট্টগ্রাম ভাসমান মজুদ | দেশের বিভিন্ন ডিপোর মজুদ (ভাসমান মজুদসহ) | পথিমধ্যে | মোট |
|---|---|---|---|---|---|
| অকটেন | ৮৬২৫ | ২৭০৪ | ৪১৫৪ | ১১৯১ | ১৬৬৭৪ |
| পেট্রোল | ৩৩২০ | ৪১৯৪ | ৫৯৩৪ | ২২৬৪ | ১৫৭১২ |
| জেট এ-১ | ০ | ২০১৩০ | ১২০৬৬ | ৪৫০৮ | ৩৬৭০৪ |
| কেরোসিন | ৫৬০০ | ১০৭৫৪ | ৮৯৮৯ | ১২৪১ | ২৬৫৮৪ |
| ডিজেল | ৬৪৬২০ | ১১৫১০৮ | ১৪৯২১৬ | ৩৪৬২০ | ৩৬৩৫৬৪ |
| ফার্নেস অয়েল | ১৫৩৮০ | ৫০৩৫৫ | ১২৩৭৫ | ৮১২৬ | ৮৬২৩৬ |
| জেবিও | ১০৫ | ২৬৬৪ | ১০৩৫ | ৪৯৫ | ৪২৯৯ |
| এলডিও | ০ | ১ | ০ | ০ | ১ |
| বিটুমিন | ৪৩১৯ | ৩৪৬ | ০ | ০ | ৪৬৬৫ |
| সর্বমোট | ১০১৯৬৯ | ২০৬২৫৬ | ১৯৩৭৬৯ | ৫২৪৪৫ | ৫৫৪৪৩৯ |

# জ্বালানি তেলের ডিপো ও স্থাপনাসমূহের অবস্থান



# প্রধান স্থাপনা হতে অভ্যন্তরীণ ডিপোসমূহে জ্বালানী তেল সরবরাহের প্রবাহচিত্র



# উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম

## ক) সমাপ্ত প্রকল্পসমূহঃ

| নং | প্রকল্প | অর্থায়ন |
|---|---|---|
| ১। | ডেভেলপমেন্ট অফ ল্যান্ড এ্যান্ড কনস্ট্রাকশন অব ৩*২৫০০ মে.টন জেট-এ-১ স্টোরেজ ট্যাংক অন ডেভেলপড ল্যান্ড এ্যাট কুর্মিটোলা এভিয়েশন ডিপো, ঢাকা। | বিপিসি |

## খ) অনুমোদিত প্রকল্পসমূহঃ

| নং | প্রকল্প | অর্থায়ন |
|---|---|---|
| ১। | ইনষ্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম)। | এডিপি |
| ২। | কনস্ট্রাকশন অব মংলা অয়েল ইনষ্টলেশন। | বিপিসি |
| ৩। | কনস্ট্রাকশন অব হেড অফিস বিল্ডিং অফ পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড (২২ তলা বিশিষ্ট) | পিওসিএল |
| ৪। | ফিজিবিলিটি স্টাডি অফ জেট-এ-১ পাইপলাইন ফ্রম কাঞ্চনব্রিজ, পিতলগঞ্জ টু কেএডি ডিপো, ঢাকা ইনকুলডিং স্টোরেজ ট্যাংক। | বিপিসি |
| ৫। | চট্টগ্রাম টার্মিনালে ৪ তলা ভবন নির্মান প্রকল্প, জেওসিএল, গুপ্তখাল, পতেঙ্গা, চট্টগ্রাম। | জেওসিএল |
| ৬। | প্রজেক্ট ম্যানেজমেন্ট-এ কনস্যালটেন্সি সার্ভিসেস ফর দি ইনস্টলেশন অফ ইআরএল ইউনিট-২ | বিপিসি |
| ৭। | এয়ারক্রাফ্ট রি-ফুয়েলিং ফ্যাসিলিটিজ এ্যাট কক্সবাজার এয়ারপোর্ট | এসএওসিএল |
| ৮। | কনস্ট্রাকশন অব ২০ স্টোরিড যমুনা অফিস বিল্ডিং(যমুনা ভবন) এ্যাট কাওরান বাজার, ঢাকা (সেকেন্ড ফেজ) | জেওসিএল |
| ৯। | কনস্ট্রাকশন অব ১৯ স্টোরিড মেঘনা ভবন উইথ ৩ বেজমেন্ট ফ্লোর এ্যাট আগ্রাবাদ কর্মাশিয়াল এরিয়া, চট্টগ্রাম | এমপিএল |
| ১০। | ফিড সার্ভিসেস ফর দি ইনস্টলেশন অফ ইআরএল ইউনিট-২। | বিপিসি |
| ১১। | ফিজিবিলিটি স্টাডি অফ কনস্ট্রাকশন অব অয়েল পাইপলাইন ফ্রম, চিটাগাং টু ঢাকা। | বিপিসি |

## গ) প্রস্তাবিত প্রকল্পসমূহঃ

| নং | প্রকল্প | অর্থায়ন |
|---|---|---|
| ১। | ইনস্টলেশন অব ইআরএল ইউনিট-২। | বিপিসি |
| ২। | কনস্ট্রাকশন অব ইন্দো-বাংলা ফ্রেন্ডশীপ পাইপলাইন(আইবিএফপিএল) ফ্রম শিলিগুড়ি মার্কেন্টিং টার্মিনাল (এসএমটি), ইন্ডিয়া টু পার্বতীপুর ডিপো, বাংলাদেশ ফর ইম্পোর্ট ডিজেল ফ্রম নুমালীগড় রিফাইনারী, ইন্ডিয়া। | ভারত সরকার |
| ৩। | কম্পোজিট পেট্রোলিয়াম রিফাইনারী উইথ এসপিএম এ্যাট পায়রা পোর্ট। | বিপিসি |
| ৪। | কনস্ট্রাকশন অব অয়েল পাইপলাইন ফ্রম চিটাগাং টু ঢাকা। | বিপিসি |
| ৫। | কনস্ট্রাকশন অব জেট-এ-১ পাইপলাইন ফ্রম কাঞ্চনব্রীজ, পিতলগঞ্জ টু কেএডি ডিপো, ঢাকা ইনক্লুডিং স্টোরেজ ট্যাংক। | বিপিসি |

# আর্থিক কার্যক্রম

## ২০১১-১২ থেকে ২০১৪-২০১৫ অর্থ বছরে প্রোডাক্ট ওয়ারি জ্বালানি তেলের আমদানি এবং রপ্তানির পরিমাণ ও মূল্যের তুলনামূলক বিবরণঃ

### আমদানিঃ

| পণ্যের পরিমান | ২০১৫-২০১৬ | | | ২০১৬-২০১৭ | | |
|---|---|---|---|---|---|---|
| | পরিমাণ মেঃ টন | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা | পরিমাণ মেঃ টন | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা |
| ১। ক্রুড অয়েল | ১০,৯০,৯৪০.৩৭ | ৩৩৬.১৪৯ | ৩,২২৫.৯২ | ১৩,৮৭,৯৬৫.৭৭ | ৫১৪.০৯৯ | ৪,১৩২.৩৫ |
| ২। রিফাইন্ড অয়েল | ৩৩,৩৭,৪২৬.৬৮ | ১,৪১০.৩০৮ | ১১,১১০.৩১ | ৩৮,৭১,৪৩২.২৩ | ১,৮০২.৬৩০ | ১৪,৪৩৩.৯১ |
| ৩। ফার্নেস অয়েল | ৩,৩৫,১৪৯.৮২ | ৮৩.৮৬৬ | ৬৬০.৫২ | ৫,২১,১৯৮.৬৩ | ১৫৪.৮০৬ | ১,২৪০.৬৬ |
| ৪। ল্যুব বেজ অয়েল | ০.০০ | ০.০০০ | ০.০০ | ০.০০ | ০.০০০ | ০.০০ |
| **সর্বমোটঃ** | **৪৭,৬৩,৫১৬.৮৭** | **১,৮৩০.৩২৩** | **১৪,৯৯৬.৭৫** | **৫৭,৮০,৫৯৬.৬৩** | **২,৪৭১.৫৩৫** | **১৯,৮০৬.৯২** |

### রপ্তানিঃ

| পণ্যের নাম | বছর | পরিমাণ মেঃ টন | মিলিয়ন মার্কিন ডলার | কোটি টাকা |
|---|---|---|---|---|
| ন্যাফথা | ২০১৫-২০১৬ | ৩৭,৫৬৫.৬২ | ১২.৯৪০ | ১০০.৭৫ |
| | ২০১৬-২০১৭ | ১০৯,১৩০.১৬ | ৪৫.৭০২ | ৩৫৮.৩০ |

## BANGLADESH PETROLEUM CORPORATION
### BALANCE SHEET (PROVISIONAL)
### AS AT JUNE 30,2016

| | NOTES | AT JUNE 30, 2016 TAKA | AT JUNE 30, 2015 TAKA |
|---|---|---|---|
| **ASSETS & PROPERTIES** | | | |
| Fixed Assets Less Accumulated Depreciation | 2.00 | 116,376,056 | 131,985,771 |
| Capital Work In Progress | 3.00 | 10,526,098 | 10,526,098 |
| Loan To Companies & Projects | 4.00 | 9,694,579,285 | 9,070,306,884 |
| Investment in shares of Subsidiaries | 5.00 | 2,212,900,497 | 2,212,900,497 |
| Other Investments | 6.00 | 63,236,603 | 63,236,603 |
| | | **12,097,618,539** | **11,488,955,853** |
| **CURRENT ASSETS** | | | |
| Cash And Bank Balances | 7.00 | 58,237,056,832 | 24,961,388,685 |
| Accounts Receivable (Trade) | 8.00 | 204,062,682,077 | 159,096,060,133 |
| Accounts Receivable (Others) | 9.00 | 1,447,323,916 | 1,447,323,916 |
| Inventories | 10.00 | 10,293,835,411 | 14,453,049,480 |
| Advances, Deposits& Prepayments | 11.00 | 16,709,970,509 | 7,077,714,691 |
| | | **290,750,868,745** | **207,035,536,904** |
| **TOTAL ASSETS** | | **302,848,487,285** | **218,524,492,757** |
| **CAPITAL & LIABILITIES** | | | |
| **CAPITAL & RESERVES** | | | |
| Authorized Share Capital | 12.00 | 10,000,000,000 | 10,000,000 |
| Paid Up Share Capital | 13.00 | 1,000,000 | 1,000,000 |
| Capital Reserve | 14.00 | 55,670,391 | 55,670,391 |
| Investment Reserve | 15.00 | 18,249,310 | 18,249,310 |
| Retained Earnings | 16.00 | (401,412,257,040) | (468,945,286,558) |
| **FUND EMPLOYED BY THE EQUITY HOLDERS** | | **(401,337,337,339)** | **(468,870,366,857)** |
| **LONG TERM LIABILITIES** | | | |
| Payable To Govt. For Shares Invested In BPC | 17.00 | 300,797,292 | 300,797,292 |
| Pre-Liberation Dues | 18.00 | 143,100,551 | 143,100,551 |
| Loan From Government | 19.00 | 271,929,302,437 | 271,969,034,206 |
| Bonds Payable To Govt. | 20.00 | 190,336,600,000 | 190,336,600,000 |
| | | **462,709,800,280** | **462,749,532,049** |
| **CURRENT LIABILITIES** | | | |
| Accounts Payable(Trade) | 21.00 | 33,630,855,441 | 43,084,272,916 |
| Accounts Payable (Others) | 22.00 | 184,111,136,938 | 150,322,051,434 |
| Accrued Expenses | 23.00 | 1,703,008,212 | 1,657,204,994 |
| Bank Overdraft | 24.00 | - | 13,250,929,497 |
| Short Term Loan | 25.00 | 22,011,850,835 | 15,243,543,713 |
| Income Tax Payable | 26.00 | 19,172,916 | 1,087,325,012 |
| | | **241,476,024,342** | **224,645,327,565** |
| **TOTAL CAPITAL AND LIABILITIES** | | **302,848,487,284** | **218,524,492,757** |

## BANGLADESH PETROLEUM CORPORATION
### INCOME STATEMENT (PROVISIONAL)
### FOR THE YEAR ENDED JUNE 30,2016

| | NOTES | AT JUNE 30,2016 TAKA | AT JUNE 30,2015 TAKA |
|---|---|---|---|
| Sales | 27.00 | 333,636,370,223 | 374,939,807,190 |
| Less: Cost of Goods Sold | 28.00 | 211,283,436,938 | 330,417,717,479 |
| **GROSS PROFIT/(LOSS)** | | **122,352,933,286** | **44,522,089,710** |
| **LESS : OPERATING EXPENSES** | | | |
| Employees Expenses | 29.00 | 80,636,018 | 51,297,123 |
| Administrative Expenses | 30.00 | 62,406,535 | 48,227,820 |
| Selling And Distribution Expenses | 31.00 | 1,578,335,766 | 2,032,883,282 |
| | | **1,721,378,320** | **2,132,408,226** |
| **OPERATING PROFIT/(LOSS)** | | **120,631,554,966** | **42,389,681,484** |
| Add :Other Income | 32.00 | 3,562,359,939 | 2,908,340,647 |
| | | **124,193,914,905** | **45,298,022,131** |
| Less: Financial Expenses | 33.00 | 4,873,618,710 | 3,211,345,745 |
| **PROFIT/(LOSS) FOR THE YEAR** | | **119,320,296,195** | **42,086,676,386** |
| Adjustment in respect of prior year | 34.00 | (41,787,266,677) | 955,428,874 |
| **PROFIT/(LOSS) BEFORE INCOME TAX** | | **77,533,029,518** | **43,042,105,260** |
| Less: Provision for Income Tax | | | 915,363,900 |
| **PROFIT /(LOSS) AFTER INCOME TAX** | | **77,533,029,518** | **42,126,741,360** |
| Less: Contribution to National Exchequer | | 10,000,000,000 | - |
| **RETAINED EARNINGS FOR THE YEAR** | | **67,533,029,518** | **42,126,741,360** |
| Add :Retained Earning Brought Forward | | (468,945,286,558) | (511,072,027,917) |
| **RETAINED EARNINGS CARRIED TO BALANCE SHEET** | | **(401,412,257,040)** | **(468,945,286,558)** |

## BANGLADESH PETROLEUM CORPORATION
### BALANCE SHEET (PROVISIONAL)
### AS AT JUNE 30,2017

| | NOTES | AT JUNE 30, 2017 TAKA | AT JUNE 30, 2016 TAKA |
|---|---|---|---|
| **ASSETS & PROPERTIES** | | | |
| Fixed Assets Less Accumulated Dep | 2.00 | 102,869,823.43 | 116,376,056 |
| Capital Work In Progress | 3.00 | 10,526,098.00 | 10,526,098 |
| Loan To Companies & Projects | 4.00 | 9,710,252,717.87 | 9,694,579,286 |
| Investment in shares of Subsidiaries | 5.00 | 2,212,900,497.00 | 2,212,900,497 |
| Other Investments | 6.00 | 63,236,603.00 | 63,236,603 |
| | | **12,099,785,739** | **12,097,618,540** |
| **CURRENT ASSETS** | | | |
| Cash And Bank Balances | 7.00 | 123,368,947,440.00 | 58,237,056,832 |
| Accounts Receivable (Trade) | 8.00 | 257,517,854,174.55 | 204,062,682,077 |
| Accounts Receivable (Others) | 9.00 | 1,447,323,916.00 | 1,447,323,916 |
| Inventories | 10.00 | 12,730,106,289.92 | 10,293,835,411 |
| Advances, Deposits& Prepayments | 11.00 | 16,721,630,971.28 | 16,709,970,509 |
| | | **411,785,862,792** | **290,750,868,745** |
| **TOTAL ASSETS** | | **423,885,648,531** | **302,848,487,285** |
| **CAPITAL & LIABILITIES** | | | |
| **CAPITAL & RESERVES** | | | |
| Authorized Share Capital | 12.00 | 10,000,000,000.00 | 10,000,000,000 |
| Paid Up Share Capital | 13.00 | 1,000,000.00 | 1,000,000 |
| Capital Reserve | 14.00 | 55,670,391.00 | 55,670,391 |
| Investment Reserve | 15.00 | 18,249,310.00 | 18,249,310 |
| Retained Earnings | 16.00 | (367,902,075,308.75) | (401,412,257,039) |
| **FUND EMPLOYED BY THE EQUITY HOLDERS** | | **(367,827,155,608)** | **(401,337,337,338)** |
| **LONG TERM LIABILITIES** | | | |
| Payable To Govt. For Shares Investe | 17.00 | 300,797,292.00 | 300,797,292 |
| Pre-Liberation Dues | 18.00 | 143,100,551.00 | 143,100,551 |
| Loan From Government | 19.00 | 271,929,302,437.00 | 271,929,302,437 |
| Bonds Payable To Govt. | 20.00 | 190,336,600,000.00 | 190,336,600,000 |
| | | **462,709,800,280** | **462,709,800,280** |
| **CURRENT LIABILITIES** | | | |
| Accounts Payable(Trade) | 21.00 | 34,197,420,151.61 | 33,630,855,441 |
| Accounts Payable (Others) | 22.00 | 244,844,296,239.69 | 184,111,136,938 |
| Accrued Expenses | 23.00 | 1,702,058,928.74 | 1,703,008,212 |
| Bank Overdraft | 24.00 | - | - |
| Short Term Loan | 25.00 | 48,240,055,622.77 | 22,011,850,835 |
| Income Tax Payable | 26.00 | 19,172,915.78 | 19,172,916 |
| | | **329,003,003,859** | **241,476,024,342** |
| **TOTAL CAPITAL AND LIABILITIES** | | **423,885,648,531** | **302,848,487,284** |

**BANGLADESH PETROLEUM CORPORATION**
**INCOME STATEMENT (PROVISIONAL)**
**FOR THE YEAR ENDED JUNE 30,2017**

| | NOTES | AT JUNE 30,2017 TAKA | AT JUNE 30,2016 TAKA |
|---|---|---|---|
| Sales | 27.00 | 327,586,593,815 | 333,636,370,223 |
| Less: Cost of Goods Sold | 28.00 | 282,114,309,963 | 211,283,436,937 |
| **GROSS PROFIT/(LOSS)** | | **45,472,283,852** | **122,352,933,287** |
| **LESS : OPERATING EXPENSES** | | | |
| Employees Expenses | 29.00 | 84,667,819 | 80,636,018 |
| Administrative Expenses | 30.00 | 65,401,608 | 62,406,535 |
| Selling And Distribution Expenses | 31.00 | (267,285,142) | 1,578,335,766 |
| | | **(117,215,714)** | **1,721,378,320** |
| **OPERATING PROFIT/(LOSS)** | | **45,589,499,566** | **120,631,554,967** |
| Add :Other Income | 32.00 | 2,317,539,759 | 3,562,359,939 |
| | | **47,907,039,325** | **124,193,914,906** |
| Less: Financial Expenses | 33.00 | 2,396,857,595 | 4,873,618,710 |
| **PROFIT/(LOSS) FOR THE YEAR** | | **45,510,181,730** | **119,320,296,196** |
| Adjustment in respect of prior year | 34.00 | - | (41,787,266,677) |
| **PROFIT/(LOSS) BEFORE INCOME TAX** | | **45,510,181,730** | **77,533,029,519** |
| Less: Provision for Income Tax | | | |
| **PROFIT /(LOSS) AFTER INCOME TAX** | | **45,510,181,730** | **77,533,029,519** |
| Less: Contribution to National Exchequer | | 12,000,000,000 | 10,000,000,000 |
| **RETAINED EARNINGS FOR THE YEAR** | | **33,510,181,730** | **67,533,029,519** |
| Add :Retained Earning Brought Forward | | (401,412,257,039) | (468,945,286,558) |
| **RETAINED EARNINGS CARRIED TO BALANCE SHEET** | | **(367,902,075,309)** | **(401,412,257,039)** |

# চিত্রে বিপিসি'র কর্মকান্ড



জ্বালানি তেল পরিবহনকারী মাদার ভেসেল



এলপিজি বটলিং প্ল্যান্ট



তেল পরিবহনের জন্য ব্যবহৃত ওয়াগন

# চিত্রে বিপিসি'র কর্মকান্ড


জ্বালানি তেলের ডিপোসমূহ


ইআরএল প্ল্যান্ট


প্রধান স্থাপনা, এমপিএল

# ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড (ইআরএল) ১৯১৩ সালের কোম্পানি আইনের আওতায় ১৯৬৩ সালে একটি জয়েন্ট ভেঞ্চার পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে নিবন্ধিত হয়। কোম্পানির বাণিজ্যিক উৎপাদন শুরু হয় ১৯৬৮ সালে। স্বাধীনতার পর রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১৬নং ও ২৭নং আদেশ বলে ইআরএল'কে জাতীয়করণপূর্বক প্রথমে বাংলাদেশ মিনারেলস অয়েল এন্ড গ্যাস করপোরেশন (পেট্রোবাংলা) এর অধীনে ন্যস্ত করা হয়। রাষ্ট্রপতির ১৯৭৬ সনের ২৫নং অধ্যাদেশের দ্বারা রাষ্ট্রপতির ১৯৭২ সনের ২৭নং আদেশের ৪নং ধারা সংশোধনপূর্বক কোম্পানির ৩০% শেয়ার বিরাষ্ট্রীয়করণের মাধ্যমে যুক্তরাজ্যের বার্মা অয়েল কোম্পানিকে ফেরত দেয়া হয় এবং অবশিষ্ট ৭০% শেয়ারের মালিকানা বিপিসি'র রয়ে যায়। পরবর্তীতে ১৯৮৫ সালের নভেম্বর মাসে বার্মা অয়েল কোম্পানি তাদের ৩০% শেয়ার বিপিসি'র নিকট বিক্রয় করায় কোম্পানির ১০০% শেয়ার বিপিসি তথা সরকারী মালিকানায় চলে আসে। কোম্পানির অনুমোদিত মূলধন ৫০০ কোটি টাকা (প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যের) এবং পরিশোধিত মূলধন ৩৩ কোটি টাকা।

ইআরএল এর মূল কাজ হলো বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর আমদানীকৃত ক্রুড অয়েল পরিশোধন করে বিভিন্ন পেট্রোলিয়াম পণ্য উৎপাদন করে তেল বিপণন কোম্পানিতে সরবরাহ করা। এ বাবদ বিপিসি থেকে প্রাপ্ত প্রসেসিং ফি কোম্পানির আয়ের মূল উৎস। তাছাড়া বিপিসি'র পক্ষে আরসিও প্রসেসিং, বিটুমিন উৎপাদন, আমদানিকৃত ক্রুড অয়েল ও রপ্তানিকৃত পণ্যের হ্যান্ডলিং কমিশন, প্রোডাক্ট ইমপ্রুভমেন্ট ইনসেনটিভ ইত্যাদি কোম্পানির আয়ের অন্যান্য উৎস।

# ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

